



ড্যাফোডিল ভার্শিটিতে স্পট রিক্রুটমেন্ট কর্মসূচি অনুষ্ঠিত

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং মোবাইল ফাইন্যান্সিং প্রতিষ্ঠান বিকাশ লিমিটেড এবং 'স্কিল ডট জবস'-এর যৌথ আয়োজনে গতকাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে 'স্পট রিক্রুটমেন্ট' কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন ইউনিভার্সিটির প্রোগ্রামিং অধ্যাপক ড. এস এম মাহবুব-উল-হক মজুমদার। কর্মসূচিতে রিসোর্স পার্সন ছিলেন বিকাশ লিমিটেডের মহাব্যবস্থাপক সৈয়দ নাসির। এ ছাড়াও সেমিনারে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খানসহ বিকাশ লিমিটেডের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।